দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# জাবিতে মামলা প্রত্যাহারের দাবিতে উপাচার্যকে ঐক্যমঞ্চের স্মারকলিপি

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থী নিহত হওয়ার জেরে আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসনের করা মামলা প্রত্যাহারসহ পাঁচ দফা দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চ। গতকাল রবিবার বেলা ১১টার দিকে উপাচার্যের কার্যালয়ে উপ-উপাচার্য আবুল হোসেনের কাছে এ স্মারকলিপি দেন তারা। দাবিগুলো হলো- আগামী ৪ জুলাই মামলার প্রথম হাজিরার পূর্বেই মামলা প্রত্যাহার, তদন্ত কমিটি পুনর্গঠন, বিভিন্ন মহলকে পরস্পরের বিরুদ্ধে ব্যবহার না করে পারস্পরিক আস্থার মাধ্যমে সকল সমস্যার দ্রুত সমাধান নিশ্চিতকরণ, ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহার ও নিরাপদ সড়ক নিশ্চিত করতে পূর্বের সকল দাবি দ্রুত বাস্তবায়ন।

অন্যদিকে রবিবার সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদ ভবনের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে এ দাবি আদায়ে নতুন কর্মসূচি ঘোষণা করেন শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চ। তা হলো, ১৪ জুন শহীদ মিনার থেকে রেজিস্ট্রার ভবন পর্যন্ত পদযাত্রা শেষে সমাবেশ, ২ জুলাই গণসংযোগ কর্মসূচি। তবে এর মধ্যে মামলা তুলে না নিলে ৪ তারিখ থেকে কঠোর আন্দোলনের ঘোষণা দেওয়া হবে বলে জানান শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন। আমরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে এবারেই শেষবারের মতো গিয়েছি। আর আমরা আমাদের দাবি নিয়ে তার কাছে যাব না। দাবি আদায়ে এখন থেকে আমাদের কর্মসূচি চলবে। এ সময় সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক মির্জা তাসলিমা সুলতানা, অধ্যাপক মোঃ শরিফ উদ্দিন, অধ্যাপক শামছুল আলম, অধ্যাপক শামীমা সুলতানা, সহযোগী অধ্যাপক রায়হান রাইন, সহযোগী অধ্যাপক আনিছা পারভীন জলি বিভিন্ন বিভাগ ও ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ।

গত ২৬ মে বিশ্ববিদ্যালয় সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়কে সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থী নিহতের ঘটনায় ২৭ মে মহাসড়ক অবরোধ করে শিক্ষার্থীরা। অবরোধে পুলিশী হামলার প্রতিবাদে ওই দিন সন্ধ্যায় উপাচার্যের বাসভবনে ঢুকে ভাঙচুর চালায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। পরে ৪৩ জনের নাম উল্লেখ করে ৪০-৫০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর